# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বয়সের ফযীলত ও বয়স্কের সম্মান

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. বংশের মধ্যে বৃদ্ধ উম্মতের মধ্যে নবীর মত

এ বিষয়ে অন্য একটি জাল হাদীস:

اَلشَّيْخُ فِيْ قَوْمِهِ كَالنَّبِيِّ فِيْ أُمَّتِهِ

“কোনো কওম বা গোত্রের মধ্যে শাইখ বা বয়স্ক মুরববী ব্যক্তি উম্মাতের মধ্যে নবীর মত।”[1]

শাইখ বলতে রাসূলুল্লাহ (ﷺ) এর যুগে বা পরবর্তী কয়েক শতাব্দী পর্যন্ত দুটি অর্থ বুঝানো হতো। প্রথম অর্থ হলো ‘বৃদ্ধ ব্যক্তি’। এ হলো এই শব্দে মূল শাব্দিক ও ব্যবহারিক অর্থ। দ্বিতীয় অর্থ হলো: “গোত্রপতি’। পরবর্তী যুগে সুফী বুযুর্গগণকেও ‘শাইখ’ বলা হতো। ফার্সী ‘পীর’ শব্দটিও এ অর্থের।

“শাইখ” শব্দটি এ তৃতীয় অর্থে ব্যবহার করা শুরু হওয়ার পরে এ হাদীসটির জালিয়াতি সম্পর্কে অসচেতন কেউ কেউ এ জাল হাদীটিকে তরীকতের শাইখ বা পীর মাশাইখদের মর্যাদার প্রমাণ হিসাবেও উল্লেখ করেছেন। আমরা জানি যে, পীর-মাশাইখদের মর্যাদা রয়েছে নেককার বান্দা হিসাবে এবং আল্লাহর পথের উস্তাদ বা মুরশিদ হিসাবে। তবে এ জাল হাদীসটির সাথে তাদের মর্যাদার কোনো সম্পর্ক নেই।

## ফুটনোট

[1] প্রাগুক্ত, পৃ. ২০৭-২০৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5040

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন